

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*

স-৩৫১৮(আগরতলা, ১১।০।১)  
কৈলাসহর, ১১ জানুয়ারী, ২০১৮

### উনকোটি জেলা ভিত্তিক বঙ্গমেলা সমাপ্ত

উনকোটি জেলা ভিত্তিক জাতীয় হস্ততাঁত ও বঙ্গমেলা-২০১৭-১৮ গতকাল সমাপ্ত হয়েছে। এ বছরে জেলাস্তরের এই মেলায় ৯ জানুয়ারী পর্যন্ত ২৬ লক্ষ ৪৮ হাজার ৪৯৮ টাকার তাঁত বঙ্গ বিক্রয় হয়েছে। সমাপ্তি অনুষ্ঠানের আগে সন্ধ্যায় অনুষ্ঠিত হয় ক্রেতা-বিক্রেতা মত বিনিময় অনুষ্ঠান। এই অনুষ্ঠানে বহিঃরাজ্যের বিক্রেতাগণ তাঁদের বঙ্গ বিক্রির ক্ষেত্রে সন্তোষ প্রকাশ করেন ও ত্রিপুরার মানুষের আন্তরিকতা ও আতিথেয়তার প্রশংসা করেন। এই মতবিনিময় অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উনকোটি জিলা পরিষদের সভাপতি কল্পনা দেবনাথ, গৌরনগর পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান ইনুস মিয়া খাদিম, কৈলাসহর পুর পরিষদের ভাইস চেয়ারম্যান মনীষ সাহা, চেয়ারম্যান ইন-কাউন্সিল দেবাশিষ সেন প্রমুখ। মেলায় এক অনুষ্ঠানে অংশগ্রহণকারী ষ্টলগুলির মধ্যে ১ম, ২য়, ৩য় স্থানাধিকারি ও সান্তনা পুরস্কার প্রাপকদের মধ্যে পুরস্কার তুলে দেওয়া হয়। এবার মেলায় প্রথম হয়েছে পশ্চিমবঙ্গের পিয়ালী আর্ট এন্ড ক্রাফট। পুরস্কার বিতরণী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কৈলাসহর পুর পরিষদের চেয়ারম্যান ইন-কাউন্সিল দেবাশিষ সেন। উপস্থিত ছিলেন গৌরনগর পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান ইনুস মিয়া খাদিম ও উনকোটি জিলা পরিষদের সদস্য আব্দুল খালেক।

\*\*\*\*